দৈনিক যায়যায়দিন

প্রকাশিত : ৯ আগস্ট, ২০২৫, ১১:৪৬




*উত্তরা ইউনিভার্সিটির আইন বিভাগে নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি বাংলাদেশ সুপ্রিম কোর্টের বিচারপতি মো. সেলিম।*

## আইনের শিক্ষার্থীরাই আগামীর নীতিনির্ধারক

আইনের ছাত্র-ছাত্রীদের মধ্য থেকেই আগামী দিনের নীতি-নির্ধারক ও দেশের ভবিষ্যৎ কাণ্ডারি তৈরি হবে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের বিচারপতি মো. সেলিম। আজ শনিবার (৯ আগস্ট) উত্তরা ইউনিভার্সিটির আইন বিভাগে নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

আইন পেশায় নৈতিকতা বজায় রাখা ও ন্যায়বিচারের প্রতি অটল থাকার গুরুত্ব তুলে ধরে নবীন শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, তোমরা যারা আজ আইন বিভাগে পড়ছো, তোমরাই আগামীর নীতিনির্ধারক, তোমরাই ভবিষ্যৎ। শিক্ষার্থীরা যেন আইন পেশাকে শুধু কর্মজীবনের সুযোগ নয়, বরং ন্যায়, সত্য ও মানবসেবার এক আজীবন অঙ্গীকার হিসেবে গ্রহণ করে।উত্তরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে নবীন

শিক্ষার্থীদের স্বাগত জানান। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ শিক্ষার্থীদের শুধু একাডেমিক জ্ঞানেই সমৃদ্ধ করছে না, বরং বাস্তব অভিজ্ঞতা ও নৈতিক নেতৃত্বের জন্যও প্রস্তুত করছে, যাতে তারা দেশ ও আন্তর্জাতিক পরিমণ্ডলে সাফল্যের সঙ্গে নিজেদের প্রতিষ্ঠা করতে পারে।উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, সম্মানিত শিক্ষকমণ্ডলী ও শিক্ষার্থীরা।আইন বিভাগের শিক্ষকরা নবীনবরণ অনুষ্ঠানের মাধ্যমে নতুন শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের একাডেমিক পরিবেশ, আইন পেশার চ্যালেঞ্জ ও সম্ভাবনা এবং শিক্ষার্থী নেতৃত্বের গুরুত্ব সম্পর্কে ধারণা দেন। ইউইউ ল' সোসাইটির পক্ষ থেকে আয়োজন করা বিভিন্ন ইন্টার‍্যাক্টিভ সেশন ও পরিচিতি পর্ব শিক্ষার্থীদের আত্মবিশ্বাস বাড়িয়ে তোলে ও তাদের মধ্যে এক ধরনের পেশাগত অনুপ্রেরণা সৃষ্টি করে।